

তারিখ : 24/11/2016

## কাউন্টার থেকে SBN বিনিময় প্রদানের অবসান

RBI/2016-17/155

DCM (Plg) No.1391/10.27.00/2016-17

নভেম্বর 24, 2016

চেয়ারম্যান / প্রাবন্ধিক নির্দেশক/ মুখ্য কার্যনির্বাহী আধিকারিক,  
রাষ্ট্রায়ত্ত (সরকারি) ব্যাঙ্ক সমূহ/ প্রাইভেট সেক্টর (বেসরকারি) ব্যাঙ্ক সমূহ / বিদেশি ব্যাঙ্ক সমূহ /  
আঞ্চলিক গ্রামীণ ব্যাঙ্ক সমূহ / শহরাঞ্চলিক সমবায় ব্যাঙ্ক সমূহ /  
রাজ্য সমবায় ব্যাঙ্ক সমূহ / জেলা কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক সমূহ

মাননীয় মহাশয়,

## কাউন্টার থেকে SBN বিনিময় প্রদানের অবসান

অনুগ্রহ করে বিদ্যমান ₹ 500/- টাকার এবং ₹ 1000/- টাকার ব্যাংক নোটের আইনগত পেশযোগ্যতা প্রত্যাহার-  
কাউন্টার থেকে বিনিময় সংক্রান্ত আমাদের নভেম্বর 17,2016 তারিখাঙ্কিত সার্কুলার DCM (Plg)  
No.1302/10.27.00/2016-17 dated November 17, 2016 দেখুন।

2. একটি পর্যালোচনার পর সিদ্ধান্ত নেওয়া হয়েছে যে নভেম্বর 24, 2016 তারিখের মধ্যরাতের পর থেকে কাউন্টার থেকে SBN-এর (নগদে) বিনিময় প্রদান করা হবে না। সাধারণ জনগণ যাঁরা কাউন্টারে বিনিময়ের জন্য SBN পেশ করছেন তাঁদের ওই SBN নিজ নিজ ব্যাংক অ্যাকাউন্টে জমা করার জন্য উৎসাহিত করতে হবে।

3. ব্যাংকিং আওতাভুক্ত নয় এমন ব্যক্তিদের নতুন ব্যাংক অ্যাকাউন্ট খোলার সুবিধা প্রদান ব্যাংকগুলিকে নিশ্চিত করতে বলা হচ্ছে।

আপনার বিশ্বস্ত

(পি বিজয় কুমার)

মুখ্য মহাপ্রবন্ধক